

তারিখ MAR. Q.B. 2000
প্ৰক্ৰিয়া কলাঞ্চৰ

এসএসসি পরীক্ষায় নজিরবিহুন নকলের ধারা অব্যাহত কেন্দ্রে স্প্রাস সংঘর্ষ

স্টাক প্রিপোর্টার ৪ এসএসসি পরীক্ষায়
নজিরবিহীন নকলের ধারা ১ অব্যাহত
রয়েছে। সেই সাথে কেন্দ্র কেন্দ্র নকলবাজ
ও তাদের সঙ্গীসাধীদের । সন্ত্রাস-সংঘর্ষ
চলছে। কোন কেন্দ্রই জারিকৃত । ১৪৪
ধারা পালিত হচ্ছে না।

গতকাল বরিশালে নকলের দায়ে বহিকৃত
একজন পরীক্ষার্থী বাবুগঞ্জ কেন্দ্রে ঢুকে
টিএনওকে ছুরিকাঘাত করে পালিয়ে গেছে।
অপরদিকে লক্ষ্মীপুরে টিএনও একজন
পরিদর্শক শিক্ষককে প্রহার করেছেন বলে
অভিযোগ পাওয়া গেছে এবং অপর একজন
শিক্ষককে পুলিশ প্রেক্ষতার করেছে।
শাহজাদপুরে ম্যাজিস্ট্রেট প্রহার এবং
সংঘর্ষের পর আজ থেকে সেবান্বকার
পরীক্ষা কেন্দ্র বিডিআর মোতায়েন করা
হচ্ছে। গতকাল সকালে হিসাববিজ্ঞান ও
বিকলে কম্পিউটার শিক্ষা, কর্মসূচী শিক্ষা,
আরবী, সংস্কৃত, পালি, চারু-কারুকলা,
বেসিক টেক্নিক প্রভৃতি বিষয়ে এবং দাখিল
পরীক্ষায় সারাদেশে নকলের দায়ে সব
মিলিয়ে সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিকার
করা হয়েছে বলে জানা গেছে।

গত রাতে পাওয়া সবশেষ ব্যবরে জানা গেছে, রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ নজিরবিহীন নকল ও সন্ত্রাসের কারণে সিরাজগঞ্জের শাহজাদপুর পাইলট হাই স্কুল ও শাহজাদপুর সরকারী কলেজ কেন্দ্র দুটি আজ "(বুধবার) থেকে বাতিল ঘোষণা করেছেন। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সিরাজগঞ্জ সরকারী কলেজ কেন্দ্রে অবশিষ্ট পরীক্ষা নেওয়া হবে।

বেরিশাল ঝুরো জানায়, নকলের দায়ে বহিষ্ঠিত
একজন পরীক্ষার্থী গতকাল থানা নির্বাহী
কর্মকর্তা কে ছুরিকাঘাত করেছে। বাবুগঙ্গা
থানা সদরের থানপুরা দাখিল পরীক্ষা কেন্দ্রে
অসদুপায় অবলম্বনের দায়ে প্রথম দিনেই
বহিকার হয়েছিল জনেক আল-আমীন।
গতকাল (মঙ্গলবার) তার বোন আবি বেগম
লিপিকেও অসদুপায় অবলম্বনের দায়ে
বহিকার করার পরে আল আমীন প্রতিশোধ
প্রায়ন হয়ে থানা নির্বাহী কর্মকর্তা আহসান
উল হক-এর ওপর ছুরি নিয়ে হামলা চালায়
কেন্দ্রিতে চুকে। তবে এতে টিএন্ড
অস্ত্রের জন্য রক্ষা পেয়েছেন। তার
জামাকাপড় ছিড়ে গেছে ধন্তাধ্নিতে।